গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
পরিকল্পনা-০১ শাখা
www.mole.gov.bd

**"কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর আধুনিকায়ন ও শক্তিশালীকরণ এবং ১৩ টি জেলা কার্যালয় স্থাপন" শীর্ষক প্রকল্পের প্রকল্প স্টিয়ারিংকমিটির (পিএসসি) ৩য় সভার কার্যবিবরণী।**

**সভাপতি** : জনাব মোঃ এহছানে এলাহী, সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।
**সভার স্থান** : মন্ত্রণালয়ের সভাকক্ষ (ভবন নং-৭, কক্ষ নং-৪২২, ৪র্থ তলা, বাংলাদেশ সচিবালয়)
**তারিখ** : ২০/০৯/২০২১সোমবার
**সময়** : সকাল ১১.৩০ টা
**উপস্থিতি** : পরিশিষ্ট ক।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সহ সার্বিক বিষয় পর্যালোচনার আলোচ্যসূচি অনুযায়ী সভায় উপস্থাপনের আহ্বান জানান। মন্ত্রনালয়ের উপসচিব শরীফ মোঃ ফরহাদ হোসেন এ প্রকল্পের সংক্ষিপ্তচিত্র তুলে ধরেন। তিনি জানান প্রকল্পটির প্রারম্ভিক মেয়াদকাল জুলাই ২০১৯ হতে ডিসেম্বর ২০২১ পর্যন্ত ও প্রাক্কলিত ব্যয় ধরা হয়েছিল ২২৯৪৩.৮৫ লক্ষ টাকা। প্রকল্পটির মূল কার্যক্রম ৬ টি জেলায় (ময়মনসিংহ, বরিশাল, ফরিদপুর, রংপুর, মৌলভীবাজার ও কুষ্টিয়া)বিদ্যমান ভবনের উর্ধ্বমুখী সম্প্রসারণ এবং ১৩ টি জেলায় এর মধ্যে ৭ টি জেলায়( যশোর, টাঙ্গাইল, মুন্সিগঞ্জ, কিশোরগঞ্জ, পাবনা, সিলেট, দিনাজপুর) জমি অধিগ্রহণের মাধ্যমে এবং ৬টি জেলাতে(চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, নরসিংদী, বগুড়া ও সিরাজগঞ্জ)শ্রম অধিদপ্তরের মালিকানাধীন জমিতে) নতুন অফিস ভবন নির্মাণ। তিনি গত ১৮ এপ্রিল,২০২১ তারিখে অনুষ্ঠিত প্রকল্পের ২য় পিএসসি সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং এতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে কার্যবিবরণীটি নিশ্চিত করা হয়। প্রকল্পটির ২০২১-২২ অর্থ বছরের অনুমোদিত কর্মপরিকল্পনা এবং ক্রয় পরিকল্পনা মন্ত্রণালয়ে পাওয়া গিয়েছে। তিনি গত পিএসসি এবং পিআইসি সভাসমূহের সিদ্ধান্ত বাস্তবায়ন সহ সার্বিক অগ্রগতি বিষয়ে সভাকে অবহিত করার জন্য প্রকল্প পরিচালককে অনুরোধ করেন।

০২। **আলোচনা** :

**ক) প্রকল্পের ভৌত অগ্রগতি পর্যালোচনা:**
ভৌত অগ্রগতি বিষয়ে প্রকল্প পরিচালক যুগ্মসচিব ড. ইমতিয়াজ মাহমুদ সভাকে জানান যে, উর্দ্ধমুখী সম্প্রসারণের জন্য ৬টি জেলায় কার্যক্রম পিডিব্লিউডি এর তত্ত্বাবধানে চলমান রয়েছে। চলতি অর্থ বছরে সকল উর্দ্ধমুখী সম্প্রসারণ কাজ সম্পন্ন হবে। ৭টি জেলায় ভূমি অধিগ্রহণের কার্যক্রমের মধ্যে ৫টি জেলার ভূমি অধিগ্রহণ কাজের প্রাথমিক প্রস্তুতি সম্পন্ন হয়েছে। বাকী দুটি জেলার ভূমি অধিগ্রহণ কাজের প্রাথমিক প্রস্তুতি সম্পন্ন করে চলতি মাসেই সুনির্দিষ্ট আনুষ্ঠানিক কার্যক্রম শুরু করা হবে। এবং এ বছরের ডিসেম্বর মাস নাগাদ ৬টি জেলায় শ্রম অধিদপ্তরের জমিতে জেলা অফিস ভবন নির্মাণের কার্যক্রম গ্রহণ করা সম্ভব হবে। আগস্ট, ২০২১ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত ভৌত অগ্রগতি ৮.৭৫%।

**খ) প্রকল্পের আর্থিক অগ্রগতি পর্যালোচনা:**
প্রকল্পের আর্থিক অগ্রগতি বিষয়ে প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের অনুকূলে বিগত ২০২০-২১ অর্থ বছরে মোট ৫.৯০ কোটি টাকা ছাড় করা হয় এবং এর মধ্যে ৫.৭৫৯৩ কোটি টাকা ব্যয় হয় যা বরাদ্দের ৯৭.৫%। আগস্ট, ২০২১ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৫.৮১ কোটি টাকা। এর মধ্যে চলতি অর্থ বছর আগস্ট মাস পর্যন্ত আর্থিক অগ্রগতি ৪.৯০ লক্ষ টাকা। চলতি অর্থবছরে বরাদ্দকৃত অর্থ ২৬.৮৫ কোটি টাকা ব্যয় করা সম্ভব হবে মর্মেও তিনি সভাকে অবহিত করেন।

**গ)স্থানীয় প্রশিক্ষণ আয়োজনের পদ্ধতি সুনির্দিষ্টকরণ:**

প্রকল্প পরিচালক স্থানীয় প্রশিক্ষণ আয়োজনের পদ্ধতি সুনির্দিষ্টকরণ সংক্রান্ত প্রস্তাবনা উত্থাপন করেন। তিনি জানান, অনুমোদিত ডিপিপি'তে স্থানীয় প্রশিক্ষণ প্রদানের পদ্ধতি হিসেবে সনাতন পদ্ধতিতে বিভিন্ন জেলায় ১৪০টি স্থানীয় প্রশিক্ষণ আয়োজনের সংস্থান রয়েছে। চলতি অর্থ বছরে এ খাতে ০১ কোটি টাকা বরাদ্দ রয়েছে। কোভিড-১৯ পরিস্থিতিতে সনাতন পদ্ধতিতে স্থানীয় প্রশিক্ষণ আয়োজন ঝুঁকিপূর্ণ। এ প্রেক্ষাপটে ই-লার্নিং কনটেন্ট প্রস্তুত করা এবং অনলাইন প্রশিক্ষণ পোর্টাল স্থাপন করা হলে তা অধিদফতরের একটি স্থায়ী সম্পদে পরিনত হবে এবং প্রকল্প শেষ হলেও প্রশিক্ষণ কার্যক্রম চলমান রাখা সম্ভব হবে। এতে করে অর্থেরও সাশ্রয় হবে। এ বিবেচনায় স্থানীয় প্রশিক্ষণ খাতে কোনো ব্যয় বৃদ্ধি না করে ই-লার্নিং কনটেন্ট প্রস্তুত করে অনলাইন প্রশিক্ষণ পোর্টাল এর মাধ্যমে প্রশিক্ষণ প্রদানের কার্যক্রম গ্রহণ করা যেতে পারে এ জন্য একটি প্রশিক্ষণ ফার্ম নিয়োগের বিষয়টি পিআইসি সভায় আলোচনাক্রমে সুপারিশ করা হয়।

**ঘ) ডিপিপিসংশোধন ও মেয়াদ বৃদ্ধি :**

প্রকল্পের ডিপিপি সংশোধন ও মেয়াদ বৃদ্ধি বিষয়ে প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের অনুমোদিত মেয়াদ ৩১ ডিসেম্বর, ২০২১ তারিখে শেষ হবে। প্রকল্পের ডিপিপিতে অনেক দূর্বলতা থাকায় সরকারী খাতে প্রকল্প গ্রহণ, অনুমোদন ও সংশোধন সংক্রান্ত পরিপত্র মোতাবেক জরুরী ভিত্তিতে প্রকল্পের ব্যয় ৩.১০ কোটি টাকা (১.৩৮%) বৃদ্ধি করে ফেব্রুয়ারি, ২০২১ মাসে প্রকল্পের প্রভিশনাল সংশোধনী করা হয়। তবে, ভূমি অধিগ্রহণ খাতের ব্যয় প্রাক্কলন, নির্মাণাধীন ও নির্মিতব্য ভবন সমূহের ডিজাইন পুনর্মূল্যায়ন সহ ফার্নিচার ও যন্ত্রপাতির বাস্তবসম্মত পর্যালোচনা করে প্রকল্পের ডিপিপি সংশোধন করা প্রয়োজন। সেজন্য আরো ৫/৬ মাস সময় প্রয়োজন হবে। বর্তমান অর্থবছরে যে পরিমান বরাদ্দ আছে তাতে আগামী এক বছর প্রকল্পের

কোনো প্রকার সংশোধন না করলেও কোনো সমস্যার সৃষ্টি হবেনা । বর্তমান প্রেক্ষিতে ব্যয় বৃদ্ধি না করে প্রকল্পের মেয়াদ ০১ বছর বৃদ্ধির পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে। তিনি স্থাপত্য অধিদপ্তর ও পিডাব্লিউডি'র প্রতিনিধি-কে স্টিয়ারিং কমিটিতে কো-অপ্ট করার প্রস্তাব করেন।

মহাপরিদর্শক,ডাইফ এ প্রসঙ্গে বলেন যে, প্রকল্পের মেয়াদ শেষ হওয়ার পূর্বেই তা বর্ধিত করার পদক্ষেপ অবশ্যই গ্রহণ করতে হবে। তিনি প্রস্তাবটি অনুমোদনের সুপারিশ করেন। মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উন্নয়ন) বলেন যে, প্রকল্পের মেয়াদ শেষ হওয়ার তিন মাসেরমধ্যে মেয়াদ বৃদ্ধি বা সংশোধনের প্রস্তাব প্রেরণ করার নির্দেশনা রয়েছে। প্রকল্পের সংশোধন প্রস্তাব চূড়ান্ত করতে যেহেতু আরও সময়ের প্রয়োজন এবং যেহেতু প্রকল্প বাস্তবায়নে আপাততঃ কোনো সমস্যা পরিলক্ষিত হচ্ছেনা সেহেতু প্রকল্পের মেয়াদ ১ বছর বৃদ্ধির বিষয়টি বিবেচনা করা যেতে পারে। আইএমইডি'র প্রতিনিধি বলেন, মেয়াদ বৃদ্ধির পূর্বে যথেষ্ট সময় নিয়ে প্রস্তাব প্রেরণ করা হলে আইএমইডি'র পক্ষে মতামত প্রদান সহজ হয়। এসকল মতামতের প্রেক্ষাপটে সভাপতি অক্টোবর মাসের প্রথম অর্ধের মধ্যে প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণনিশ্চিত করার জন্য প্রকল্প পরিচালককে অনুরোধ জানান।

**ঙ) শ্রম অধিদপ্তরের মালিকানাধীন জমিতে ডাইফ ভবন নির্মাণ সংক্রান্ত :**

শ্রম অধিদপ্তরের মহাপরিচালক শ্রম অধিদপ্তরের মালিকানাধীন ভূমিতে ডাইফ ভবন নির্মাণ প্রকল্প বিষয়ে বলেন, শ্রম অধিদপ্তরের জমিতে ডাইফ কর্তৃক ভবন নির্মাণের প্রকল্প অনুমোদিত হলেও এ বিষয়ে শ্রম অধিদপ্তরের কাছে কোনো তথ্য নেই। ইতোমধ্যে প্রকল্পের প্রস্তাবিত খুলনা জেলার একই জমিতে শ্রম অধিদপ্তরের পক্ষথেকে ১০ তলা ভবন নির্মানের প্রস্তাব করা হয়েছে এবং প্রস্তাবিত ডিপিপি বর্তমানে পরিকল্পনা কমিশনে অনুমোদনের জন্য রয়েছে। শ্রম অধিদপ্তরের জমিতে ভবন নির্মাণ করতে হলে তা যৌথভাবে আলোচনা ও সমন্বয়ের মাধ্যমে করা সমীচীন হবে। মহাপরিদর্শক , ডাইফ প্রস্তাবটির সাথে একমত পোষণ করেন। তিনি বলেন দুটি অধিদপ্তরের মাধ্যমে সমন্বয়ের মাধ্যমে প্রকল্প গ্রহণ করা হলে তা ভবিষ্যতে সুষ্ঠু কর্মপরিবেশ নিশ্চিত করতে সাহায্য করবে। এ বিষয়ে সমন্বয়ের বিভিন্ন দিক সভায় আলোচনা করা হয়।আলোচ্য প্রকল্পটির স্থান নির্বাচন এবং পরিদর্শন পূর্বক শ্রম অধিপ্তরের জমিতে ডাইফের ভবন নির্মাণ সংক্রান্ত প্রস্তাব যাচাই-বাছাই এর জন্য গত ২৭/০৯/২০২০ তরিখে একটি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটি যথাসময়ে কাজ শুরু করে। কিন্তু কমিটির কয়েক জন সদস্য বদলী জনিত কারনে এবং করোনা মহামারীর প্রভাবে কার্যক্রম স্থিমিত হয়ে পড়ে। উক্ত কমিটি পুনর্গঠন করা প্রয়োজন। সভাপতি মহোদয় এ বিষয়ে একমত পোষণ করে বলেন দুটি দপ্তরের মাঝে প্রকল্প প্রস্তাব বিষয়ে যাচাই-বাছাই এর জন্য গঠিত কমিটি পুনগর্ঠন করা প্রয়োজন।

০৩। **সিদ্ধান্ত:**বিস্তারিত আলোচনা শেষে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক) প্রকল্পের অনুকূলে ২০২১-২২ অর্থ বছরে বরাদ্দকৃত অর্থ সকল আর্থিকবিধিবিধান এবং অনুমোদিত ক্রয়পরিকল্পনা ও কর্মপরিকল্পনা অনুসরণ করে ব্যয় করতে হবে;

খ) ব্যয়বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ ০১ বছর বৃদ্ধির প্রস্তাব অক্টোবর,২০২১ মাসের ২য় সপ্তাহের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

গ) বিভিন্ন জেলায় নতুন ভবন নির্মাণের পূর্বে ভবনের ডিজাইন পুনর্মূল্যায়ন করে কি ধরণের সংযোজন/ বিয়োজন/ সংশোধন করা প্রয়োজন সে সংক্রান্ত সুপারিশসমূহ অন্তর্ভুক্তকরে সংশোধিত ডিপিপিমন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

ঘ) স্থাপত্য অধিদপ্তর ও পিডব্লিউডি'র প্রতিনিধিদ্বয়কে স্টিয়ারিং কমিটিতে কো-অপ্ট করা হলো এবং

ঙ) প্রকল্প প্রস্তাবিত ০৬টি জেলায় (খুলনা, চট্টগ্রাম,বগুড়া, সিরাজগঞ্জ ,নরসিংদী,রাজশাহী) শ্রম অধিদপ্তরের মালিকানাধীন জমিতেভবন নির্মাণ বিষয়ে প্রকল্প এলাকা পরিদর্শন পূর্বক ও প্রকল্প যাচাই-বাচাই করে একটি পরিদর্শন প্রতিবেদন প্রদানের জন্য পূর্বের কমিটি পুনর্গঠন পূর্বক নিম্নবর্ণিত কমিটি গঠন করা হলো। কমিটি দ্রুততম সময়ে প্রকল্প এলাকা পরিদর্শন করে একটি প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিল করবে।

| | | |
|---|---|---|
| (১) | অতিরিক্ত সচিব (উন্নয়ন), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় – | আহ্বায়ক |
| (২) | অতিরিক্ত মহাপরিচালক, শ্রম অধিদপ্তর– | সদস্য |
| (৩) | অতিরিক্ত মহা পরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর– | সদস্য |
| (৪) | পরিচালক (উন্নয়ন), শ্রম অধিদপ্তর- | সদস্য |
| (৫) | সংশ্লিষ্ট বিভাগীয়/ জেলা/ আঞ্চলিক কার্যালয়ের পরিচালক/ উপপরিচালক, শ্রম অধিদপ্তর– | সদস্য |
| (৬) | সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের উপমহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর– | সদস্য |
| (৭) | প্রকল্প পরিচালক, "ডাইফ আধুনিকায়ন ও ১৩ টি জেলা কার্যালয় নির্মাণ" প্রকল্প – | সদস্য |
| (৮) | সহকারী পরিচালক (প্রশাসন), শ্রম অধিদপ্তর- | সদস্য |
| (৯) | সহকারী প্রকল্প পরিচালক,"ডাইফ আধুনিকায়ন ও ১৩ টি জেলা কার্যালয় নির্মাণ" প্রকল্প– | সদস্য সচিব |

**বাস্তবায়ন: মহাপরিচালক (শ্রম অধিদপ্তর), মহাপরিদর্শক (ডাইফ)এবং প্রকল্প পরিচালক।**

০৪। সভায়আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতিউপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৫/১০/২০২১

(মোঃ এহছানে এলাহী)
সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় ওসভাপতি,
প্রকল্প স্টিয়ারিং কমিটি,
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর আধুনিকীকরণ ও
শক্তিশালীকরণ এবং ১৩ টি জেলা কার্যালয় স্থাপন প্রকল্প।